# প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ

# প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ

প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ অর্থ বিভাগের সকল প্রশাসনিক দায়িত্ব, অর্থ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তরের অস্থায়ী পদ সংরক্ষণ এবং অস্থায়ী পদকে স্থায়ী পদে রূপান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাদি এবং অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগের মধ্যে যথাযথ সমন্বয় সাধন করে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের উল্লেখযোগ্য সম্পাদিত কার্যাবলী নিম্নে দেয়া হলোঃ

- মন্ত্রিপরিষদ বৈঠকের অর্থ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ
- অর্থ বিভাগ ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের ১২টি মাসিক কর্মকান্ডের ও ১টি বার্ষিক কর্মকান্ডের প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ
- প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত সাধারণ আদেশ/সার্কুলার/বিজ্ঞপ্তিসমূহ পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ
- ১০ম জাতীয় সংসদের ১১তম-১৬তম অধিবেশনে অর্থ বিভাগ সম্পর্কিত প্রশ্নোত্তরসহ অন্যান্য কার্যাবলি সম্পন্নকরণ
- ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রণয়ন ও ঘোষণার জন্য প্রাক বাজেট সভা অনুষ্ঠানসহ সকল প্রকার লজিষ্টিক সাপোর্ট প্রদান
- অর্থ বিভাগ সংশ্লিষ্ট জেলা প্রশাসক সম্মেলন ২০১৬ এ গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ
- অর্থ বিভাগ ও অধীন দপ্তরের বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তিকরণ সম্পর্কিত মোট ৪টি ত্রৈমাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ
- ১০ম জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠক সম্পর্কিত কার্যক্রমের উপর ব্যবস্থা গ্রহণ
- অর্থ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় প্রাপ্ত বিভিন্ন অনিষ্পন্ন অভিযোগ ও নিষ্পত্তির ১২টি প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ
- অর্থ বিভাগের সমন্বয় সভা সম্পর্কিত কার্যাবলি সম্পাদন
- ১০ম জাতীয় সংসদে অর্থ বিভাগ সম্পর্কিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তরের জন্য তথ্যাবলি প্রেরণ
- তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী বিভিন্ন আবেদনপত্রের চাহিত তথ্য সরবরাহ
- মাননীয় অর্থমন্ত্রীর ২০১৬-১৭ অর্থবছরের স্বেচ্ছাধীন তহবিল থেকে ১০ লক্ষ টাকা এবং মাননীয় অর্থ প্রতিমন্ত্রীর ২০১৬-১৭ অর্থবছরের স্বেচ্ছাধীন তহবিল থেকে ৭.৫ লক্ষ টাকা বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের অনুকূলে মঞ্জুরি আদেশ জারি
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার কর্মকর্তাদের গ্রেড-৩ পদে পদোন্নতি প্রদান
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার কর্মকর্তাদের গ্রেড-৫ পদে সিলেকশন গ্রেড প্রদান
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার কর্মকর্তাদের গ্রেড-৬ পদে পদোন্নতি প্রদান
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের ৩৫তম ব্যাচে ৩ জন কর্মকর্তা নিয়োগ প্রদান
- ২য় শ্রেণির কর্মকর্তাদের টাইমস্কেল প্রদান/সিলেকশনগ্রেড ও পদোন্নতি প্রদান
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার কর্মকর্তাদের লিয়েন মঞ্জুরি/বৃদ্ধি
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার কর্মকর্তাদের উচ্চ শিক্ষার নিমিত্ত প্রেষণ/শিক্ষা ছুটি মঞ্জুরি প্রদান
- মাননীয় অর্থমন্ত্রী/অর্থ প্রতিমন্ত্রীর সরকারি গুরুত্বপূর্ণ কাজে বিদেশ ভ্রমণের প্রশাসনিক অনুমোদন ও এ সংক্রান্ত সরকারি আদেশ জারি
- মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন দপ্তর/অধিদপ্তরসহ বিভিন্ন প্রতিষ্ঠানের বিভাগীয় পদোন্নতি ও নির্বাচন কমিটি (ডিপিসি), পরিচালনা পর্ষদ/বোর্ডে প্রতিনিধি মনোনয়নসহ সরকারের গুরুত্বপূর্ণ সভা/কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি মনোনয়ন প্রদান
- অর্থ বিভাগ হতে পিআরএল গমণকারী ১ম শ্রেণির কর্মকর্তাদের অবসরজনিত পেনশন এবং পেনশনারের মৃত্যুর পর পারিবারিক পেনশন সংক্রান্ত কার্যাদি সম্পাদন
- অর্থ বিভাগের ১ম শ্রেণির কর্মকর্তাদের শ্রান্তি-বিনোদন ছুটি, অর্জিত ছুটি এবং বহিঃবাংলাদেশ ছুটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে যথাসময়ে অনুমোদন
- অর্থ বিভাগের ১ম শ্রেণির কর্মকর্তাদের বদলি, পদায়ন, অবমুক্তিসহ অর্থ বিভাগের অর্গানোগ্রাম হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ
- অর্থ বিভাগের ২য় শ্রেণির কর্মচারীদের ব্যক্তিগত নথি প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ
- অর্থ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের ব্যক্তিগত নথি, চাকুরি বহি প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ
- অর্থ বিভাগের ২য় শ্রেণির কর্মচারীদের সরাসরি নিয়োগ/পদোন্নতি জন্য বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে সুপারিশ প্রদান করার জন্য পত্র প্রেরণ

- অর্থ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির পদে জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ
- অর্থ বিভাগের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ
- অর্থ বিভাগের কর্মচারীদের আবেদনের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং কল্যাণ তহবিল হতে আর্থিক সাহায্যের বিষয়টি প্রক্রিয়াকরণ
- অর্থ বিভাগের ৩৪ জন ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের চাকরির স্থায়ীকরণের আদেশ জারি
- অর্থ বিভাগের ৩২ জন কর্মচারীকে পুনঃবেতন নির্ধারণ এবং ৩ জন কর্মচারীকে বর্ধিত বেতন প্রদানের আদেশ জারি
- অর্থ বিভাগের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের আবেদনের পরিপ্রেক্ষিতে অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটিসহ অন্যান্য ছুটির মঞ্জুরি আদেশ জারি এবং তা তাঁদের চাকুরি বহিতে লিপিবদ্ধকরণ
- অর্থ বিভাগের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের আবেদনের পরিপ্রেক্ষিতে সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম ঋণের মঞ্জুরির আদেশ জারি
- ৫ জন কর্মচারীকে অবসর উত্তর ছুটিসহ ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ নগদায়ন হিসেবে মঞ্জুর এবং ১০ জন কর্মচারীকে চূড়ান্তভাবে অবসর প্রদান এবং ৫ জন কর্মচারীকে পারিবারিক পেনশন প্রদান
- ২০১৬-১৭ আর্থিক বছরে অর্থ বিভাগে কর্মরত উপসচিব পর্যায় পর্যন্ত ৫৫৫ জন কর্মচারীকে বাজেট সম্মানী প্রদানের বিষয়টি প্রক্রিয়াকরণ ও মঞ্জুরি আদেশ জারি
- গৃহ নির্মাণ/মেরামত ঋণ বাবদ ৬ জন, মোটর গাড়ির অগ্রিম ঋণ বাবদ ১৬ জন মোটর সাইকেল অগ্রিম ঋণ বাবদ ৬ জন এবং কম্পিউটার ঋণ অগ্রিম বাবদ ২ জন কর্মকর্তা/কর্মচারীকে অগ্রিম ঋণ মঞ্জুরি প্রদান
- ২৫ জন কর্মচারীকে প্রাপ্যতা অনুসারে এ,বি,সি শ্রেণির সরকারি বাসা খালি/বদলি সাপেক্ষে বরাদ্দ প্রদান
- কাজের অগ্রগতি জানিয়ে মাসিক, পাক্ষিক, ত্রৈমাসিক ও বাৎসরিক পাক্ষিক, অডিট আপত্তির রিপোর্ট প্রদান সহ বিভিন্ন প্রতিবেদন প্রদান
- বাংলাদেশ সচিবালয়ে নির্মাণাধীন ২০ তলা বিশিষ্ট নতুন অর্থভবনের যাবতীয় পূর্ত ও বৈদ্যুতিক কার্যাবলি সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম গ্রহণ সম্পন্ন
- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে ৯ জানুয়ারি হতে ১১ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত ৩ দিনব্যাপী "উন্নয়ন মেলা" আয়োজন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন
- অর্থ বিভাগের সভাকক্ষে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন, অর্থ বিভাগের সার্ভাররুমে বিবিধ কার্যাদি সম্পাদন এবং অর্থ বিভাগে নতুন Firewall স্থাপন
- অর্থ বিভাগের জন্য ৮০টি কম্পিউটার, টি ইউপিএস, ২৫ টি Low Range Network Laser Printer, ৫টি Mid Range Network Laser Printer, ২ টি High Range Network Printer এবং সংশ্লিষ্ট যন্ত্রাংশ ক্রয় কার্যক্রম সম্পাদন
- অর্থ বিভাগের বিভিন্ন শাখায় ব্যবহারের জন্য যাবতীয় স্টেশনারী দ্রব্যাদি সংগ্রহ, ক্রয় ও বিতরণকরণ; অর্থ বিভাগের পুরাতন ২টি কারের স্থলে ২টি নতুন কার প্রতিস্থাপন
- মাননীয় অর্থমন্ত্রী/অর্থসচিব কর্তৃক দেশী/বিদেশী বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তা/সম্মানিত ব্যক্তিবর্গের সাথে আলোচনা সভা এবং ভোজ সভার আয়োজনসহ অর্থ বিভাগের বিভিন্ন সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ, বিল পরিশোধ, উর্ধ্বতন কর্তৃপক্ষের সাংবাদিক সম্মেলন এর ব্যবস্থা ও অন্যান্য আনুষাঙ্গিক কার্যাদি সম্পন্নকরণ
- অর্থ বিভাগের ৪র্থ শ্রেণির কর্মচারীদের জন্য পোষাক পরিচ্ছদ সরবরাহ এবং এ সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্নকরণ
- অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অফিসে ব্যবহারের নিমিত্ত আসবাবপত্র সংগ্রহ, ক্রয়, মেরামত, বিতরণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন
- বাজেট প্রণয়ন ও পেশ সংক্রান্ত সকল প্রকার লজিষ্টিক সাপোর্ট প্রদান এবং বাজেট পেশ উপলক্ষ্যে আপ্যায়ন সাংবাদিক সম্মেলনের সকল ব্যবস্থা গ্রহণ
- দেশের অভ্যন্তরে ৪৬টি প্রশিক্ষণ কর্মসূচিতে মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহ থেকে ২৮৮ জন অংশগ্রহণ। প্রশিক্ষণের জন্য ৯৮ জন কর্মকর্তাকে বিদেশে প্রেরণ। ১০৮ জন কর্মকর্তাকে ই-ফাইলিং রিফ্রেশার্স বিষয়ে প্রশিক্ষণ প্রদান। ২৫ জন কর্মকর্তাকে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে প্রশিক্ষণ প্রদান। ১৭৫ জন কর্মকর্তা/কর্মচারীকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান এবং দেশের অভ্যন্তরে ১৯টি সেমিনার/ওয়ার্কশপে ২১ জন কর্মকর্তাকে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কার্যাদি সম্পন্নকরণ